গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-২ শাখা

সুরক্ষা সেবা বিভাগের আওতাভুক্ত কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "নরসিংদী জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১৫ তম সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | নাসিমুল গনি<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৫/০৬/২০২৫ |
| সভার সময় | বেলা ১২:৩০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং২০৮,ভবন-০৮,৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৪তম পিএসসি সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হলো।

৩। তিনি প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক সভায় জানান, সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২৬ মেয়াদে ২৯৭.৩৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের মে ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৭২.৪২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৭.৯৯% এবং ভৌত অগ্রগতি ৮১%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ২৯.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ২৯.০০ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ১০০%। মে ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ১৪.৬৩ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৫০.৪৫%।

৪। প্রকল্প পরিচালক সভায় জানান, বিচারাধীন বন্দি ব্যারাক ভবন ৬তলা ভিত বিশিষ্ট ৬তলা ভবন ১ (৮১৭.২৯ ব.মি.) ৯০%। বিচারাধীন বন্দি ব্যারাক ভবন ৬তলা ভিত বিশিষ্ট ৬তলা ভবন ২ (৮১৭.২৯ ব.মি.) ৯০%। সাজাপ্রাপ্ত বন্দি ভবন ৬তলা ভিত বিশিষ্ট ৬তলা ভবন ১টি (৮১৭.২৯ ব.মি.) ৮০%। মানসিক সমস্যায় আক্রান্ত বন্দি ব্যারাক ৪তলা ভিত বিশিষ্ট ৪তলা ভবন ১টি (৪২৩.১৫ ব.মি.) ৯০%। মানসিক সমস্যায় আক্রান্ত বন্দি ব্যারাক ৪তলা ভিত বিশিষ্ট ৪তলা ভবন ১টি (৪২৩.১৫ ব.মি.) ৯০%। গোসলখানা ১তলা ভিত বিশিষ্ট ভবন ৩টি (৮৩.৬৪ ব.মি.) ৯০%। ২০ জনের কন্ডেম এবং ৩০ জনের নিরাপত্তা সেলসহ অন্যান্য ৫তলা ভিত বিশিষ্ট ৫তলা ভবন (২৭৮.১৬ ব.মি.) ৯০%। পুরুষ ল্যাট্রিন ১তলা ভিত বিশিষ্ট ১তলা ভবন ৩টি (৯০.০০ব.মি.) ৯০%। ফ্লাওয়ার মিল (২৩০.০০ ব.মি.) ৯০%। গ্রন্থাগার এবং মোটিভেশন সেন্টার ৪তলা ভিত বিশিষ্ট ২তলা ভবন ১ টি ৯০%। ফাঁসির মঞ্চ (৩০.০০ ব.মি.)। পেরিমিটার ওয়াল ১৮'-০" উচ্চতা বিশিষ্ট (১৩১৫.৭৯ ব.মি) ৯০%। সেগরিগেশন ওয়াল (পুরুষ) (১৬৬৪.০০ ব.মি.)। সেগরিগেশন ওয়াল (পুরুষ অভ্যন্তরীণ) (৩৩৬.০০ ব.মি.) ৯০%। গৃহস্থালী বর্জ্য ব্যবস্থাপনা (১টি)। বৃষ্টির পানি সংরক্ষণ (১টি)।

চলতি ২০২৪-২৫ অর্থবছরে সংশোধিত এডিপি'র বরাদ্দ যথাযথভাবে ব্যয় করা সম্ভব হবে। তিনি আরো জানান, ভূমি উন্নয়ন কাজ চলমান আছে। আরো ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত বিভাগকে অনুরোধ করা

হয়েছে। তিনি আরো জানান, ডিসেম্বর ২০২৫ এর মধ্যেই প্রকল্পটি নির্মাণ কাজের অগ্রগতি আশানুরূপ হবে এবং চলতি ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দের ৯৭% ব্যয় করা সম্ভব হবে।

প্রকল্প পরিচালক আরো জানান, ভূমি উন্নয়নসহ অন্যান্য কাজে ডিসেম্বর ২০২৫ এর মধ্যে গতি পাবে এবং জুন ২০২৬ এর মধ্যে প্রকল্পের নির্মাণকাজ সম্পন্ন করা সম্ভব হবে।

৫। সভায় উপসচিব (পরিকল্পনা-১) জানান, প্রকল্পটির ভূমি উন্নয়নের কাজ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। সরেজমিন পরিদর্শনের সময় মাটি ভরাটের কাজটি ধীরগতিতে হচ্ছে বলে প্রতীয়মান হয়েছে। মাটি ভরাটের কাজটি ত্বরান্বিত করাসহ নির্মাণকাজ যথাসময়ে বাস্তবায়নে গুরুত্ব আরোপ করেন।

৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৬.১) ভূমি উন্নয়ন কাজ ত্বরান্বিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(৬.২) আগামী ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Work Plan) ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

(৬.৩) প্রকল্পের তথ্যাদি e-Pmis সফটওয়্যারে এন্ট্রি প্রদানে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(৬.৪) ডিসেম্বর ২০২৫ এর মধ্যে প্রকল্পের পূর্তসহ সকল কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২৫

নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.১৪.০১২.২১. ৫৬ তারিখ:- ৩০/০৬/২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৭) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
৮) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
১০) যুগ্মসচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পিএন্ডএসপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায় প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
১৩) প্রকল্প পরিচালক, "নরসিংদী জেলা কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা

১৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-১, গনপূর্ত অধিদপ্তর;
১৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
১৬) সহকারী কারা পরিদর্শক, উন্নয়ন, কারা অধিদপ্তর, ঢাকা

৩০/০৬/২০২৫

মোঃ শহীদ আতাহার হোসেন
উপসচিব